# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৩৯৪

পর্ব-১০: আল্লাহ তা‘আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰى)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সকাল সন্ধ্যা ও শয্যা গ্রহণকালে যা বলবে

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ قَالَ حِينَ يُصْبِحُ:
(فَسُبْحَانَ اللَّهِ حِينَ تُمْسُونَ وَحِينَ تُصْبِحُونَ ولهُ الحمدُ فِي السموات والأرضِ وعشيًّا وحينَ تُظهرون)
إِلى قَوْله: (وَكَذَلِكَ تُخْرَجونَ)
أَدْرَكَ مَا فَاتَهُ فِي يَوْمِهِ ذَلِكَ وَمَنْ قَالَهُنَّ حِينَ يُمْسِي أَدْرَكَ مَا فَاتَهُ فِي ليلتِهِ . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

২৩৯৪-[১৪] ’আবদুল্লাহ ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি ভোরে (ঘুম হতে) উঠে এ আয়াতটি পড়বে,

’’ফাসুবহা-নাল্ল-হি হীনা তুম্সূনা ওহীনা তুসবিহূন, ওয়া লাহুল হাম্‌দু ফিস্‌সামা-ওয়া-তি ওয়াল আরযি, ওয়া ’আশিয়্যাও ওহীনা তুযহিরূন..... ওয়াকাযা-লিকা তুখরাজূন’’

(অর্থাৎ- অতএব আল্লাহর পবিত্রতা ও মহিমা ঘোষণা কর তোমরা সন্ধ্যায় ও সকালে এবং আসমান ও জমিনে প্রশংসা একমাত্র তারই জন্য, আর বিকালে ও দুপুরে উপনীত হও..... এভাবে বের হবে’’ পর্যন্ত’’- (সূরা আর্ রূম ৩০ : ১৭-১৯)। সে লাভ করবে ঐদিন যা তার ছুটে গেছে। আর যখন এ দু’আ সন্ধ্যায় পড়বে তখন সে লাভ করবে যা তার ঐ রাতে ছুটে গেছে। (আবূ দাঊদ)[1]

ফুটনোট

[1] খুবই দুর্বল : আবূ দাউদ ৫০৭৬, য‘ঈফ আত্ তারগীব ৩৮০, য‘ঈফ আল জামি‘ ৫৭৩৩। কারণ এর সানাদে সা‘ঈদ বিন বাশীর মাজহূল এবং মুহাম্মাদ বিন ‘আবদুর রহমান বিন বায়লামানী মাজহূল রাবী।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: নাফি' ইবনু আল আরযাক ইবনু ‘আব্বাস (রাঃ)-কে বললেনঃ আপনি কুরআনুল কারীমে পাঁচ ওয়াক্ত সালাত পেয়েছেন কি? উত্তরে তিনি বললেনঃ হ্যাঁ এবং এ দু’টি আয়াত তিলাওয়াত করলেন এবং বললেনঃ এ আয়াত পাঁচ ওয়াক্ত সালাত ও তার সময়কে একত্র করেছে।

وَكَذٰلِكَ تُخْرَجُوْنَ এটি الإخراج মাসদার হতে মাজহূলের সিগাহ্। এটি রাবী কর্তৃক সংক্ষিপ্ত করা হয়েছে, আর এটি সূরা আর্ রূম-এর আয়াত। يُخْرِجُ الْحَىَّ مِنَ الْمَيِّتِ অর্থাৎ- তিনি মৃত থেকে জীবন বের করেন। যেমন ডিম থেকে পাখি, শুক্রবিন্দু থেকে প্রাণী, বীজ থেকে উদ্ভিত, কাফির থেকে মু’মিন, গাফিল থেকে জিকিরকারী, মূর্খ থেকে জ্ঞানী, অসৎ থেকে সৎ। يُخْرِجُ الْحَىَّ مِنَ الْمَيِّتِ وَيُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَيِّ وَيُحْىِ الْأَرْضَ بَعْدَ مَوْتِهَا وَكَذٰلِكَ تُخْرَجُوْنَ অর্থাৎ- তোমাদের কবর থেকে জীবিত বের করবেন হিসাব, শাস্তি এবং নিয়ামতের (জান্নাত) জন্য।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56953

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন